# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 17 May, 2025

চট্টগ্রাম চিড়িয়াখানায় নির্মাণাধীন ফটকের চারটি পিলার ধসে পাঁচ নির্মাণ শ্রমিক আহত হয়েছেন।শুক্রবার (১৬ মে) রাত সাড়ে ১২টার দিকে এ ঘটনা ঘটে।আহত শ্রমিকরা হলেন- মো. আরমান (৩০), মো. হৃদয় (২০), মো. রাকিব (১৯), মো. সোহেল (২৬) ও রনি হাওলাদার (২৭)।

তাদের চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।তবে সকালে চারজন বাড়ি ফিরে যান।

ফায়ার সার্ভিস সূত্র জানায়, রাত সাড়ে ১২টার দিকে চিড়িয়াখানার ফটকের ছাদ ঢালাইয়ের কাজ চলছিল।এ সময় হঠাৎ ফটকের ছাদ, পিলার ও দেয়াল ধসে পড়ে।এতে পাঁচ শ্রমিক আহত হন।খবর পেয়ে ফায়ার সার্ভিস আহত শ্রমিকদের উদ্ধার করে।

ফায়ার সার্ভিসের আগ্রাবাদ স্টেশনের জ্যেষ্ঠ স্টেশন কর্মকর্তা খলিলুর রহমান বলেন, 'শনিবার (১৭ মে) ভোর ৫টা পর্যন্ত চিড়িয়াখানায় উদ্ধার কাজ চালানো হয়।দেয়াল ও ফটকের ছাদ ধসে পড়ায় প্রাথমিক ক্ষতির পরিমাণ প্রায় ১০ লাখ টাকা।

এ বিষয়ে চট্টগ্রাম চিড়িয়াখানার কিউরেটর শাহদাত হোসেন বলেন, 'দুই মাস আগে আমাদের চিড়িয়াখানার ফটকের নির্মাণকাজ শুরু হয়।দুই পাশে ২৪ ফুট উঁচু পিলার এবং মাঝে প্রাণীর অবয়ব দিয়ে বিশেষ ডিজাইনে এটি করা হচ্ছিল।রাতে হঠাৎ চারটি পিলার ভেঙে পড়ায় ছয় শ্রমিকের মধ্যে পাঁচ শ্রমিক আহত হন।তবে সবার অবস্থা আশঙ্কামুক্ত।আমরা রাতেই চারটি পিলার ভেঙে দিয়েছি, সেগুলো আবারও নির্মাণ করা হবে।

চট্টগ্রাম চিড়িয়াখানা আহত শ্রমিক মেডিকেল কলেজ হাসপাতাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 02:07

URL: https://timestodaybd.com/across-the-country/2973452582